ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়নে ইউমেন সেন্টারের উদ্বোধন

দু:স্থ ও অসহায় নারীদের আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টির লক্ষ্যে ঝিনাইদহে উইমেন সেন্টারের উদ্বোধন করা হয়েছে।

গতকাল বুধবার বিকেলে সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়ন পরিষদ চত্বরে নব-নির্মিত এ সেন্টারের উদ্বোধন করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিউটন বাইন।

অনুষ্ঠান পরিচালনা করেন ইউনিয়নের সচিব প্রতাপ আদিত্য বিশ্বাস। পরে নারীদের প্রশিক্ষণের জন্য ইউমেন সেন্টারে ২০ টি সেলাই মেশিন প্রদাণ করা হয়। এছাড়াও ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল’র অর্থায়নে নির্মিত নারিকেলবাড়িয়া গণগ্রন্থাগারের উদ্বোধন করা হয়।

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়নে উন্মুক্ত বাজেট ঘোষণা

ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়নের ২০২৪-২৫ অর্থবছরে নতুন কর আরোপ ছাড়াই ১ কোটি ৪ লাখ ১ হাজার ৯’শ ৩৬ টাকার উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউপি চেয়ারম্যান মোঃ পারভেজ মাসুদ লিলটন এ বাজেট ঘোষণা করেন।